# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দপ্তর
www.iau.edu.bd iauins13@gmail.com
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।


স্মারক নং-ইআবি/পরি/কামিল-প্রা.পা/২০২০/১৪৯৫৮ তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ০৩ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

কামিল শ্রেণিতে প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে মৌলভীর হাট হোসাইনিয়া ফাজিল মাদরাসা (MOULOVIR HAT HOSSAINIA FAZIL MADRASAH (EIIN-101165, CODE-16832), ডাকঘর: কালুপুর, উপজেলা: ভোলা সদর, জেলা: ভোলা-এর অধ্যক্ষের ১২.০১.২০২৫ খ্রি. তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ৩য় সংবিধির অনুচ্ছেদ-১৩ এর ঙ মোতাবেক নিম্নোক্ত শর্তে ০৩.০৮.২০২৫ খ্রি. থেকে ০২.০৮.২০২৮ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য কামিল (স্নাতকোত্তর) ০২ বছর মেয়াদী কোর্সে হাদিস বিভাগ প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হল-

**শর্তসমূহ:**

১. ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ থেকে কামিল (স্নাতকোত্তর) ০২ বছর মেয়াদী কোর্সে হাদিস বিভাগের কার্যক্রম চালু হবে।
২. অনুমতিপ্রাপ্ত স্তর/বিভাগে বিধি মোতাবেক দক্ষ শিক্ষক নিয়োগ দিতে হবে।
৩. আলিম ও ফাজিল শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি ও শ্রেণিকক্ষে উপস্থিতি নিশ্চিত করা এবং ভালো ফলাফল অর্জনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
৪. একাডেমিক, প্রশাসনিক ও আর্থিকসহ সকল কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করতে হবে।
৫. কলামনার ক্যাশ বই যথাযথভাবে পূরণ করত: আয় ব্যয়ের ভাউচার সংরক্ষণ করতে হবে।
৬. রেজিস্টার খাতায় লিপিবদ্ধ পূর্বক নথি খোলা, নথিতে ফাইল নোট অনুমোদন পূর্বক সকল কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করা এবং দীর্ঘস্থায়ীভাবে নথি সংরক্ষণ রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
৭. শ্রেণিকক্ষে মূল কিতাব/বই এর ব্যবহার নিশ্চিত করতে হবে।
৮. শিক্ষক ও শিক্ষার্থীদের আরবি ও ইংরেজি ভাষা এবং আইসিটি বিষয়ে দক্ষতা অর্জনের লক্ষ্যে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
৯. শূন্যপদ সমূহে দ্রুত সময়ের মধ্যে নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
১০. মাদরাসার সাইনবোর্ডে বাংলার সাথে আরবিতে মাদরাসার নাম ও "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে।
১১. প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

২৯/৬/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
ও মাদরাসা পরিদর্শক (অতি. দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১

অধ্যক্ষ
মৌলভীর হাট হোসাইনিয়া ফাজিল মাদরাসা
ডাকঘর: কালুপুর, উপজেলা: ভোলা সদর, জেলা: ভোলা

স্মারক নং-ইআবি/পরি/কামিল-প্রা.পা/২০২০/১৪৯৫৮ তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ০৩ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:**

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪। ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৫। প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭। সভাপতি, মৌলভীর হাট হোসাইনিয়া ফাজিল মাদরাসা, ভোলা সদর, ভোলা।
৮। অফিস নথি।

০৩/০৮/২৫

(মুহাম্মদ মাহফিজুর রহমান)
সহকারী মাদরাসা পরিদর্শক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়